



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২১.৩৩৩৮

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
১০ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ মূল্য সমন্বয় বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২ (খ) এবং ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে বেসরকারি এলপিগি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী/অটোগ্যাস স্টেশন লাইসেন্সী কর্তৃক সরবরাহকৃত অটোগ্যাসের ভোক্তাপর্যায়ে ট্যারিফ (মূল্যহার) নিম্নলিখিতভাবে পুনঃনির্ধারণ করা হলো:

**ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ সমন্বয়কৃত মূল্য, অক্টোবর-২০২১
(অক্টোবর ২০২১ এর Saudi CP'র ভিত্তিতে)**

ক্রমিক নং	বিবরণ	পুনঃনির্ধারিত মূল্যহার (টাকা/লিটার ^২)
ক	১ Saudi Contract Price (Saudi CP) ^২	৩৭.৮৬
	২ জাহাজ ভাড়া এবং ড্রেডরের প্রিমিয়াম চার্জ	৪.৫২
	৩ অন্যান্য চার্জ ^৩	০.৩০
	৪ ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)	৪২.৬৮
খ	এলপিগি মজুতকরণ চার্জ	৩.৩৪
গ	এলপিগি মজুতকরণ পরবর্তী মূল্য, কর-পূর্ব (ক৪+খ)	৪৬.০২
ঘ	মুসক ^৪	৩.৪১
ঙ	এলপিগি মজুতকরণ পরবর্তী মূল্য, কর-উত্তর (গ+ঘ)	৪৯.৪৩
চ	পরিবহন চার্জ	১.২৫
ছ	স্টেশন চার্জ	৮.০০
জ	ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূল্যহার (প্রতি লিটার) (ঙ+চ+ছ)	৫৮.৬৮

^১প্রোপেন এবং বিউটেনের অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় এলপিগি'র Specific Gravity ০.৫৫৫৫ হিসেবে ১ কেজি এলপিগি = ১.৮০০২ লিটার এলপিগি বিবেচনায়।

^২অক্টোবর ২০২১ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেনের ঘোষিত Saudi CP যথাক্রমে প্রতি মেট্রিক টন ৮০০ মার্কিন ডলার এবং ৭৯৫ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭৯৬.৭৫ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ৮৫.৫৫/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়, যা Saudi CP'র ভিত্তিতে পরিবর্তনীয়।

^৩ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে, এলসি চার্জ, ইনস্যুরেন্স চার্জ (মুসকসহ), সিএন্ডএফ কমিশন (মুসকসহ), ডিসপোর্ট ইন্সপেকশন চার্জ (Disport Inspection Charge) এবং পোর্ট চার্জসহ।

^৪এনবিআর এর সাধারণ আদেশ নং-০৮.০১.০০০০.০৬৮.২২.০৫০.১৪/৭৯; ০৪ মার্চ ২০২১ অনুযায়ী মজুতকরণ এবং বোতলজাতকরণ পর্যায়ে ৫% এবং ব্যবসায়ী পর্যায়ে ২% যা উৎপাদন পর্যায়ে উৎপাদনকারি/বোতলজাতকারি কর্তৃক পরিশোধযোগ্য এবং যা Saudi CP'র ভিত্তিতে পরিবর্তনীয়।

২। পুনঃনির্ধারিত উক্ত ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ সমন্বয়কৃত মূল্য ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/১০ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

কমিশনের আদেশক্রমে,

সচিব, বিইআরসি।

ফোন: ০২-৫৫০১৪০০৭